সুধী,

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ। আপনাদের সদয় অবগতির জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয় অধীনে সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত উপজেলা সমাজসেবা কার্যালয়, কবিরহাট, নোয়াখালীতে নিম্নোক্ত কার্যক্রম/ কর্মসূচীগুলি পরিচালিত হয়ে আসছে।

**১। দারিদ্র বিমোচনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচীর আওতায় ক্ষুদ্রঋন বিতরণ কার্যক্রম:**

| ক্রঃ নং | কার্যক্রমের নাম | বিনিয়োগ (প্রাপ্ত বরাদ্দ) | ক্রমপুঞ্জিত পুনঃ বিনিয়োগ | উপকারভোগী |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| 1 | পল্লী সমাজসেবা কার্যক্রম (R S S ) | =10020000/- | =17750300/- | 5492 জন |
| 2 | মাতৃকেন্দ্র(R MC ) | =3019500/- | =3898500/- | 303জন |
| 3 | দগ্ধ ও প্রতিবন্ধীদের পুর্নবাসন কার্যক্রম (ঋণ) | =535000/- | =890100/- | 95 জন |
| | সর্বমোট | =13574500/- | =22538500/- | 5890 জন |

**২। সামাজিক নিরাপত্তা কার্যক্রম (ভাতা):**

| ক্রঃ নং | কর্মসূচীর নাম | অধিদফতর কর্তৃক প্রাপ্ত বরাদ্দ উপকার ভোগীর সংখ্যা | জনপ্রতি মাসিক ভাতা | সর্বমোট খাত ভিত্তিক বার্ষিক অর্থ বরাদ্দ |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| 1 | বয়স্কভাতা | 10841 জন | =650/- | =84559800/- |
| 2 | বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা | 7085 জন | =650/- | =55263000/- |
| 3 | প্রতিবন্ধী ভাতা | 5398 জন | =900/- | =58298400/- |
| 4 | প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি | 10জন | প্রাথমিক =900/-<br>মাধ্যমিক =950/-<br>উচ্চ মাধ্যমিক=1050/-<br>উচ্চতর =1300/- | =109200/- |
| 5 | অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা | 87জন | =650/- | =678600/- |
| 6 | অনগ্রসর ছাত্র-ছাত্রীদের শিক্ষা উপবৃত্তি | 18জন | প্রাথমিক =700/-<br>মাধ্যমিক =800/-<br>উচ্চ মাধ্যমিক=1000/-<br>উচ্চতর=1200/- | =188400/- |
| **উপকারভোগী 23439 জন সর্বমোট =199097400/- কথায়: উনিশ কোটি নব্বই লক্ষ সাতানব্বই হাজার চারশত টাকা মাত্র।** | | | | |

বিঃ দ্রঃ সকল ভাতা এবং শিক্ষা উপবৃত্তি প্রতি ৩/৬ মাস পর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপকারভোগীদের MFS (মোবাইল নম্বর) হিসাবের মাধ্যমে বিতরণ করা হয়।

৩। **আর্থিক সহায়তা কার্যক্রম :** ক্যান্সার, কিডনি ও লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ, থেলাসেলমিয়া রোগীদের অনলাইন Website: http://services.msw.gov.bd/auth/login এবং নির্ধারিত ফরমে আবেদনের মাধ্যমে এককালীন ৫০০০০/-(পঞ্চাশ হাজার) টাকা অনুদান দেওয়া হয়। এছাড়া ভিক্ষুকদের পুনর্বাসন কার্যক্রম চলমান রয়েছে।

৪। **বেসরকারী এতিমখানাঃ** ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত এতিমখানা সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধিত অত্র উপজেলায় ৭টি এতিমখানা। ৬টি এতিমখানায় এতিম নিবাসীকে মাসিক ২০০০/-(এক হাজার) টাকা হারে ৩০০ জনের জন্য বার্ষিক বরাদ্দ প্রদান করা হয়। যাহার পরিমান=৭২০০০০০/-(বাহাত্তর লক্ষ টাকা মাত্র)।

৫। **স্বেচ্ছাসেবী সংগঠনঃ** সমাজসেবা অধিদফতর কর্তৃক অত্র উপজেলায় রেজিস্ট্রেশন প্রাপ্ত স্বেচ্ছাসেবী সংস্থার কার্যক্রম পরিচালনা করা হয়। যে কোন সংস্থা/ ব্যক্তি হতে দুঃস্থ রোগী, পড়া লেখার খরচ বাবদ শিক্ষার্থী, দুর্যোগকালীন সময়ে যে কোন ক্ষতিগ্রস্থ ব্যক্তি, জেলা প্রশাসক, নোয়াখালী বরাবর জেলা সমাজকল্যাণ পরিষদ হতে এককালীন অনুদানের জন্য আবেদন করতে পারবেন। এছাড়া স্বেচ্ছাসেবী সংস্থা নিবন্ধন করা হয়।

৬। **সেবা ও কমিউনিটি ক্ষমতায়নঃ** হাসপাতাল সমাজসেবা কার্যক্রম(নোয়াখালী), রোগী কল্যাণ সমিতি(উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্স), কবিরহাট, নোয়াখালী। উপজেলা রোগী কল্যাণ সমিতি সরকারি সহযোগী সংগঠন হিসেবে হাসপাতালে আগত ও ভর্তিকৃত দরিদ্র এবং অসহায় রোগীদের সহায়তা প্রদান।

৭। **প্রতিবন্ধীতা শনাক্তকরণ জরিপ ও পরিচয় পত্র প্রদান সংক্রান্ত কর্মসূচীঃ** প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপের মাধ্যমে চলমান প্রক্রিয়া। এছাড়া শনাক্তকৃত প্রতিবন্ধীদের প্রাপ্য সুবিধাদি সমূহঃ

১) নিবন্ধন ও পরিচয় প্রাপ্তি, ২) চিকিৎসা সহায়তা,
৩) শিক্ষা উপবৃত্তি, ৪) প্রতিবন্ধী ভাতা,
৫) সুদমুক্ত ঋণ, ৬) গণ পরিবহনে আসন সংরক্ষণ,
৭) সংরক্ষিত কোটায় সরকারী চাকুরী।

৮। **Management Information System (MIS)**: *Management Information System (MIS)* কার্যক্রমের মাধ্যমে কবিরহাট উপজেলাধীন সকল উপকারভোগীদের ভাতা প্রাপ্তির জন্য অনলাইনে https://dss.bhata.gov.bd/online-application আবেদন করতে হয়। এ যাবত মোট 23439 জন উপকার ভোগীর তথ্য অনলাইনে এন্ট্রি সম্পন্নসহ ভাতা প্রদান করা হয়েছে। এটি চলমান প্রক্রিয়া।

৯। **আন্তঃ বিভাগীয় কার্যক্রম:** বিজ্ঞ আদালত কর্তৃক নির্দেশিত (১) নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুন্যাল (২) শিশু আদালত (৩) আমলী আদালত (৪) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এবং বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেস আদালত কর্তৃক আদেশকৃত তদন্ত/ অনুসন্ধান কার্যক্রম সম্পাদক পূর্বক প্রতিবেদন প্রেরণ। উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসন কর্তৃক প্রদত্ত দায়িত্ব সমূহ বাস্তবায়ন।

১০। **প্রবেশন এন্ড আফটার কেয়ার সার্ভিসেস:** বিজ্ঞ আদালতের আদেশে আইনের আওতায় আসা শিশু ও নারীদের বিভিন্ন প্রতিষ্ঠানে প্রেরণ এবং যে কোন সাজাপ্রাপ্ত আসামীদের প্রবেশনের আওতায় পারিবারিক ও সামাজিকভাবে পুর্নবাসিত করা হয়।

এছাড়া সমাজসেবা অধিদফতর কর্তৃক বিভাগীয়, জেলা, উপজেলায় নিম্মোক্ত সেবা গ্রহন করা যায়।

১১। **প্রতিবন্ধী সাহায্য ও সেবা কেন্দ্র :** প্রতিবন্ধী সাহয্য ও সেবা কেন্দ্র, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী।

সেবা সমূহ: ক) কাউন্সেলিং সেবা
খ) স্পিচ এন্ড লেঙ্গুয়েজ থেরাপি
গ) অকুপেশনাল থেরাপি।

১২। প্রতিবন্ধী বিষয়ক-২: সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা, দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়, বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়, মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান এর মাধ্যমে সেবা পাওয়া যায়।

১৩। শিশু বিষয়ক-১: সরকারী শিশু পরিবার, ছোট মনি নিবাস, দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র, দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পূনর্বাসন এর মাধ্যমে সেবা পাওয়া যায়।

১৪। শিশু বিষয়ক-২: প্রাক বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র, আমাদের শিশু, সিএসপিবি প্রকল্প, শেখ রাসেল শিশু প্রতিষ্ঠান এর মাধ্যমে সেবা পাওয়া যায়।

১৫। সামাজিক অবক্ষয় প্রতিরোধ: শিশু(কিশোর/কিশোরী) উন্নয়ন কেন্দ্র, সামাজিক প্রতিবন্ধী পুনর্বাসন, সেফ হোম, সরকারী আশ্রয় কেন্দ্র এর মাধ্যমে সেবা পাওয়া যায়।

যোগাযোগ মাধ্যমঃ Website: **www.dss.gov.bd**

১. "নারী পুরুষ নির্বিশেষ, সমাজসেবায় গড়বো দেশ"

২. "প্রযুক্তি ও মমতায়, কল্যাণ ও সমতায় আস্থা আজ সমাজসেবায়"